দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP 02 1999
পৃষ্ঠা ... কলাম ...

# স্কুল-কলেজের সময়সূচীর প্রতিবাদে ঝালকাঠিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

ঝালকাঠি সংবাদদাতা ॥ স্কুল-কলেজের সময়সূচী সম্পর্কিত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের সাম্প্রতিক নির্দেশের প্রতিবাদে সম্প্রতি ঝালকাঠির স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন করিয়া বিক্ষোভ মিছিল ও পথসভা করে। শিক্ষা অধিদপ্তর অতিসম্প্রতি সকল ৯টা হইতে বিকাল ৫টা পর্যন্ত ক্লাস চালু রাখার নির্দেশ দিলে কোন কোন স্কুল এই সময়সূচী প্রবর্তন করিতে গিয়া ব্যর্থ হয়। মফস্বলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবকসহ সচেতন মহলেও ক্ষোভের সৃষ্টি হইয়াছে। উল্লেখ্য, সরকার গত বছর শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাসের সময়সূচী ১১টা-৪টার স্থলে এক ঘন্টা বর্ধিত করিয়া ১০-৪টা নির্ধারণ করে। পুনরায় এই সময়সূচী, ৯টা-৫টা করার নির্দেশ আসিলে কোন কোন স্কুলে ইহা প্রবর্তিত হয়। কিন্তু মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা এই দীর্ঘ সময় প্রায় অভুক্ত অবস্থায় ক্লাস করিতে গিয়া অনেকেই অসুস্থ হইয়া পড়ে। অভিভাবকরাও স্কুল কর্তৃপক্ষের কাছে এই সময়সূচীর প্রতিবাদ জানান। সোমবারের বিক্ষোভ কালে শিক্ষার্থীরা নূতন সময়সূচী প্রত্যাহারের দাবী জানাইয়া শ্লোগান দেয়।